কালের কণ্ঠ

তারিখ ..01 DEC..2015.....
পৃষ্ঠা ১৯ ... কলাম ... ৪ ......

# বাকৃবিতে শিক্ষার্থীদের ক্লাস বর্জন

বাকৃবি প্রতিনিধি ▷

দীর্ঘদিন ধরে ক্লাসরুমে পর্যাপ্ত সুযোগ-সুবিধা না থাকায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ফুড টেকনোলজি ও গ্রামীণ শিল্প বিভাগের সব বর্ষের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করেছে। সোমবার সকালে শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিভাগের সামনে জড়ো হয়ে বিক্ষোভ করে।

জানা যায়, অক্টোবর থেকে ফুড টেকনোলজি ও গ্রামীণ শিল্প বিভাগের তৃতীয় ও চতুর্থ তলার নতুন কক্ষে তত্ত্বীয় ও ব্যবহারিক সব ক্লাস শুরু হয়। শুরুতে ভবনে ক্লাস করার মতো কোনো ব্যবস্থা ছিল না। পরে শুধু বোর্ড লাগানো হলেও দেওয়া হয়নি কোনো মাল্টিমিডিয়া ও পর্যাপ্ত চেয়ার। এমনকি দ্বিতীয় বর্ষের ক্লাস নেওয়ার সময়ও বোর্ডটি ভেঙে পড়ে। এসব অভিযোগে ফুড ইঞ্জিনিয়ারিংয়ের সব বর্ষের শিক্ষার্থী সোমবার ক্লাস বর্জন করে। তারা জানায়, এসব বিষয়ে শিক্ষার্থীরা বিভিন্ন সময় ডিন ও বিভাগীয় প্রধানের শরণাপন্ন হলেও কোনো সমস্যারই সমাধান হয়নি।

এ ব্যাপারে ফুড টেকনোলজি ও গ্রামীণ শিল্প বিভাগের প্রধান সহযোগী অধ্যাপক ড. আবদুল্লাহ ইকবাল বলেন, 'এ ভবনে ক্লাস দেওয়ার সিদ্ধান্ত আমাকে না জানিয়েই দেওয়া হয়েছে। ক্লাস বর্জনের বিষয়টি আমি গতকাল ডিনকে জানিয়েছি।'

অনুষদের ডিন অধ্যাপক মো. আবদুর রশীদ বলেন, 'আমাকে কেউ তথ্য দেয়নি। আমি এরকম কিছু জানি না।'

একই বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম জাকির হোসেন জানান, আগামী ৫ ডিসেম্বর স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার পর ওই ডিন ও অনুষদের সব বিভাগীয় প্রধান নিয়ে আলোচনা করে সমাধান করা হবে।